

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**  
**কৃষি মন্ত্রণালয়**  
**সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা**  
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা**

নং ১২.০৩০.০৪০.০২.৯৮.৬৭৬.২০১০-৩২২

তারিখ : ১৫/০৭/১৪২১ বং  
৩০/১০/২০১৪ খ্রি

বিষয় : ডায়-এ্যামোনিয়াম ফসফেট (ডিএপি) সারের বিক্রয় মূল্য পুনঃ নির্ধারণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সুষম সার ব্যবহারে কৃষকগণকে উদ্বৃদ্ধকরণ, কৃষি ক্ষেত্রে গাছের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিসহ টেকসই খাদ্য নিরাপত্তার স্বার্থে ডিএপি সারের মূল্য সকল পর্যায়ে (ডিলার এবং কৃষক পর্যায়) প্রতিকেজি ২.০০ টাকাহাস করে নিম্নোক্তভাবে পুনঃ নির্ধারণ করা হলো :

সারের নাম	আমদানিকারক/উৎপাদনকারী হতে ডিলারের নিকট বিক্রয় মূল্য (কেজি প্রতি টাকায়)	কৃষক/ব্যবহারকারী পর্যায়ে সর্বোচ্চ বিক্রয় মূল্য (কেজি প্রতি টাকায়)
১	২	৩
ডিএপি	২৩	২৫

২। জেলা সার ও বীজ মনিটরিং কমিটি স্থানীয় বাস্তবতার নিরিখে প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে কৃষক পর্যায়ে স্থানীয় সর্বোচ্চ বিক্রয় মূল্য নির্ধারণ করবে এবং তা কোনভাবেই প্রতিকেজি ২৫/- টাকার বেশী হবে না। নির্ধারিত মূল্য ০১-১১-২০১৪ ইং তারিখ থেকে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত উক্ত মূল্য বাহাল থাকবে।

পুনঃ নির্ধারিত মূল্যে ডিএপি সার বিক্রয়ের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয় সমূহ অনুসরণ করতে হবে :

ক। চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরের ০১ জুলাই/১৪ থেকে ৩১ অক্টোবর/২০১৪ পর্যন্ত জেলার চাহিদার বিপরীতে বরাদ্দকৃত ডিএপি সার উপ-বরাদ্দ অনুযায়ী ডিলার পর্যায়ে উত্তোলিত সারের অবিক্রিত মজুদ নির্ধারণ করতে হবে।

খ। জেলা সার ও বীজ মনিটরিং কমিটির অনুমোদনক্রমে উপ-পরিচালক কৃষি সম্প্রসারণ, অতিরিক্ত জেলা প্রশাসক, ও স্থানীয় সার ব্যবসায়ী সংগঠন (বিএফএ)'র প্রতিনিধির সমন্বয়ে তিন সদস্য বিশিষ্ট কমিটির মাধ্যমে নিম্নোক্ত ছক অনুযায়ী সংশ্লিষ্ট ডিলারের(যদি থাকে) অবিক্রিত ডিএপি সারের মজুদ নিরাপণপূর্বক ১৫/১২/২০১৪ ইং তারিখের মধ্যে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

ডিলারের নাম ও ঠিকানা	উপজেলার নাম	জেলা প্রশাসকের উপ-বরাদ্দের স্মারক নং ও তারিখ	উপ-বরাদ্দের আওতায় সারের পরিমাণ (মে.টন)	উত্তোলনকৃত সারের পরিমাণ (মে.টন)	৩১ অক্টোবর/১৪ তারিখ পর্যন্ত কৃষকের নিকট বিক্রয়কৃত সারের পরিমাণ(মে.টন)	০১ নভেম্বর/১৪ তারিখ ডিলারের নিকট মজুদকৃত সারের পরিমাণ(মে.টন)	কৃষি মন্ত্রণালয়ের বরাদ্দ পত্র নং ও তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
মোট								

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য-

গ। সার ডিলারগণ ০১-১১-২০১৪ তারিখ হতে পুনঃ নির্ধারিত মূল্যে ডিএপি সার কৃষকের নিকট বিক্রয় করবেন। এক্ষেত্রে ৩১-১০-২০১৪ খ্রি তারিখ ডিলারের নিকট অবিক্রিত মজুদ (যদি থাকে) সারের ভর্তুকিও সংশ্লিষ্ট ডিলার প্রাপ্ত হবে।

ঘ। কৃষি মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত ডিএপি সারের ৩১ অক্টোবর/২০১৪ পর্যন্ত ডিলার কর্তৃক উত্তোলিত অংশের ভর্তুকি বিএডিসি, বিসিআইসি ও বেসরকারী আমদানিকারকগণ পূর্বে নির্ধারিত হারে প্রাপ্ত হবে।

ঙ। বিএডিসি, বিসিআইসি ও বেসরকারী আমদানিকারকগণকে ০১ নভেম্বর/২০১৪ তারিখ হতে সার ডিলারের নিকট বিক্রিত ডিএপি সারের ভর্তুকি পুনঃ নির্ধারিত হারে পরিশোধ করা হবে।

৩। অর্থ বিভাগের সম্মতি এবং যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো।

*(Badiul Alam)*  
(শেখ বদিউল আলম)

উপ-প্রধান  
(কৃষি অর্থনৈতিবিদ)  
ফোন: ৯৫৪০৬০৬  
ই-মেইল : [dcfmm@moa.gov.bd](mailto:dcfmm@moa.gov.bd)  
[alam.badiul@gmail.com](mailto:alam.badiul@gmail.com)

বিতরণ (কার্যার্থে) :

- ১। চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, দিলকুশা, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি(----- সকল)
- ৪। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ ও সদস্য -সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি(----- সকল)
- ৫। চেয়ারম্যান, বিএফএ, আলরাজি কমপ্লেক্স, ১৬৬-১৬৭ পুরানা পল্টন, ঢাকা।  
(সার আমদানিকারকগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)

অনুলিপি: (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিবিল, ঢাকা।
- ৪। মাননীয় প্রধানমন্ত্রীর সচিব, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৫। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), খামরবাড়ী, ঢাকা।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিবিল, ঢাকা।
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। প্রেসামার, আই.সি.টি সেল, কৃষি মন্ত্রণালয়।